## এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশ

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫। www.napdaa.org,

E-mail: info@napdaa.org

বিষয় এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটি (২০২০-২০২২) এর

প্রস্তৃতি সভার (জুম মিটিং) এর কার্যবিবরণী।

তারিখ ১৭ জুলাই, ২০২১ (শনিবার)

বিকাল ৪:০০ ঘটিকা সময়

সভার স্থান অন লাইন (জুম) চেয়ারপার্সন মোঃ আতাউল হক

মহাসচিব, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন

সভার সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর বেশির ভাগ সদস্য করোনা যুদ্ধের ফ্রন্টলাইনার। তাঁরা তাঁদের জ্ঞান, মেধা ও শ্রম দিয়ে এ দুর্যোগকালীন সময়ে জনগণের পাশে দাঁড়িয়ে সেবা প্রদান করছেন। এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর বেশ কিছু সদস্য দায়িত্ব পালনকালে নিজেরাই করোনায় আক্রান্ত হওয়া সত্বেও তাঁদের মধ্যে কেউই দায়িত্ব পালনে পিছপা হয়নি। এ কারণে এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন দায়িত্ব পালনকারীদের প্রতি গভীর কৃতজ্ঞ।

তিনি আরও উল্লেখ করেন যে, দুর্যোগকালীন সময়ে জীবন বাজি রেখে দায়িত্ব পালনকারী সদস্যগণের জন্য এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন গর্বিত। করোনা যুদ্ধে জয়ী হতে হলে মাঠ পর্যায়ে সেবা প্রদানের পাশাপাশি আরও কিছু কার্যক্রম গ্রহনের আবশ্যকতা রয়েছে। বিস্তারিত আলোচনা পর নিম্নোক্ত কার্যক্রম গ্রহনের জন্য সভায় সুপারিশ প্রস্তুত করা হয়ঃ

## সুপারিশ মালা

- মহামারি করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ থেকে অগ্রাধিকার 5.00 ভিত্তিতে সেমিনার আয়োজন করা যেতে পারে। বিষয় নির্বাচনের ক্ষেত্রে যে কোন ধরনের বিতর্ক এড়িয়ে চলা কর্মানুগ হবে।
  - Ensuring access to Vaccination-As a strategy to fight Covid-19; i.
  - ii. Covid-19: Prevention, Infection Control and Treatment:

- iii. Mental Health care during Lock down period;
- iv. Sharing best Practices to fight Covid 19.
- ১.০১ জন সচেতনামূলক সেমিনার আয়োজনের পাশাপাশি এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন কোভিড-১৯ মহামারি নিয়ন্ত্রনে নিয়োক্ত কার্যক্রম গ্রহণ করতে পারেঃ
  - (ক) আক্রান্তদের মধ্যে অক্সিজেন সরবরাহ:
  - (খ) মাক্স ব্যাবহারের উপকারিতা সম্পর্কে সচেতনা সৃষ্টিসহ মাক্স বিতরণ;
  - (গ) সুবিধাবঞ্চিতদের খাদ্য সহায়তা প্রদান করা।
- ২.০০ করোনা যুদ্ধে জয়ী হওয়ার নিমিত্তে সদস্যগণের মধ্যে সার্বক্ষনিক যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময় ও প্রয়োজনের মূহুর্তে প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে What's app Group তৈরি করা আবশ্যক।
- ৩.০০ করোনা কালে সদস্যগণের কর্মস্পৃহা চালু রাখার লক্ষ্যে ঈদ উল আযহা পরবর্তী সময়ে একটি ঈদ পূর্ণমিলনী (Virtual) আয়োজন করা যেতে পারে।
- ৩.০১ এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর অনুকূলে গচ্ছিত ৬ (ছয়) লক্ষ টাকার আমানত মেয়াদ পূর্তিতে পরবর্তী কাযর্ক্রমে গ্রহণ করা আব্যশক।
- 8.০০ বর্তমান কার্যনির্বাহী কমিটি গঠিত হওয়ার পর কোভিডের কারণে কমিটির পক্ষে স্বাভাবিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা সম্ভব হয়নি। অপরপক্ষে, বর্তমান কমিটির মেয়াদ ডিসেম্বর, ২০২২ সালে শেষ হবে এ বাস্তবতায় অপতিরোধ্য কারণে (Force Majeure) এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর গঠনতন্ত্র অনুযায়ী কমিটির মেয়াদ বৃদ্ধি সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত করা সমায়নুগ হবে।

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউল হক)

মহাসচিব

এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন